# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 23-03-2026** **Time: 1.40 PM**

---

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যে এসআইআর-এর আওতায় বিচারাধীন ভোটারদের প্রথম অতিরিক্ত তালিকা আজ বিকেলে প্রকাশিত হবে।

বিধানসভা ভোটের প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশন আজ আর এক দফায় জেলা নির্বাচনী আধিকারিক, পুলিশ কমিশনার ও পুলিশ সুপারদের সঙ্গে বৈঠকে বসছে।

২) বিধানসভা নির্বাচনে জাতীয় ও রাজ্যস্তরে স্বীকৃত রাজনৈতিক দলগুলিকে আকাশবাণী ও দূরদর্শনে বিনামূল্যে সম্প্রচারের জন্য ডিজিটাল ভাউচার বরাদ্দ করা হয়েছে।

৩) বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে খড়দা পুলিশের দায়ের করা মামলার তদন্তের ওপর কলকাতা হাইকোর্ট অন্তর্বর্তী স্থগিতাদেশ জারি করেছে।

৪) সুপ্রিম কোর্ট, কলকাতার চিংড়িঘাটা মেট্রোরেলের বকেয়া কাজ সম্পন্ন করার জন্য রাজ্য সরকারকে কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে চলতে বলেছে।

৫) আইএসএল ফুটবলে আজ কলকাতায় ইস্টবেঙ্গল ও মহামেডান স্পোর্টিং মুখোমুখি হবে।

---

রাজ্যে SIR-এর আওতায় 'বিচারাধীন বা অ্যাডজুডিকেশনে' থাকা ভোটারদের প্রথম অতিরিক্ত তালিকা আজ বিকেলে প্রকাশিত হবে। মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার

আগরওয়াল জানিয়েছেন, নথি যাচাইয়ের প্রক্রিয়া সম্পূর্ণ হয়েছে, এমন ব্যক্তিদের নাম এই তালিকায় অন্তর্ভুক্ত করা হবে।

গত শুক্রবার পর্যন্ত প্রায় ২৭ লক্ষ ২৩ হাজার বিচারাধীন ভোটারের নথি নিষ্পত্তি হয়েছে। এই সংখ্যা আরও কিছুটা বাড়তে পারে । বর্তমানে দিনে গড়ে প্রায় দু'লক্ষ করে নামের নিষ্পত্তি হচ্ছে।

সুপ্রিম কোর্টের নির্দেশে রাজ্যের ২৩-টি জেলার জন্য প্রাক্তন বিচারপতিদের নিয়ে ১৯-টি আপিল ট্রাইব্যুনাল গঠন করা হয়েছে। অতিরিক্ত তালিকায় বাদ পড়ছেন এমন ব্যক্তিরা এই ট্রাইব্যুনালগুলিতে আবেদন করতে পারবেন। অনলাইন ও অফলাইন— দু'ভাবেই আপিলের সুযোগ থাকবে। ECI NET অ্যাপ বা কমিশনের ওয়েবসাইটের মাধ্যমে অনলাইন আবেদন করা যাবে। অফলাইনে আবেদন করতে হলে জেলাশাসক বা মহকুমাশাসকের দপ্তরে তা জানাতে হবে।

এদিকে, সাপ্লিমেন্টারি তালিকা প্রকাশকে কেন্দ্র করে কোনও অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে ইতিমধ্যেই রাজ্য সরকারের তরফে জেলাশাসকদের সতর্কবার্তা পাঠানো হয়েছে।

উল্লেখ্য, গত ২৮-শে ফেব্রুয়ারী অসম্পূর্ণ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করেছিল নির্বাচন কমিশন।

-------------------

আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি পর্যালোচনা করতে নির্বাচন কমিশন আজ আরেক দফায় সব জেলা নির্বাচনী আধিকারিক, পুলিশ কমিশনার ও পুলিশ সুপারদের সঙ্গে বৈঠক করবে। ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিকেল চারটেয় এই বৈঠক হওয়ার কথা। সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার মনীশ গর্গের পৌরহিত্যে আয়োজিত ওই বৈঠকে সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী, পবন কুমার

শর্মা ছাড়াও রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল উপস্থিত থাকবেন। পর্যালোচনা বৈঠকের পর সমস্ত জেলা নির্বাচনী আধিকারিক, পুলিশ কমিশনার ও পুলিশ সুপারদের নিয়ে একটি ট্রেনিং সেশন শুরু হবে বলে নির্বাচন কমিশন সূত্রের খবর।

------------------

আসন্ন বিধানসভা নির্বাচনে জাতীয় ও রাজ্যস্তরে স্বীকৃত দলগুলিকে দূরদর্শন ও আকাশবাণীতে বিনামূল্যে সম্প্রচারের জন্য ডিজিটাল ভাউচার বরাদ্দ করা হয়েছে।

নির্বাচন কমিশনের নির্দেশ অনুযায়ী, জনপ্রতিনিধিত্ব আইন, ১৯৫১-এর ৩৯এ ধারার অধীনে ভোটমুখী চার রাজ্য—পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু, কেরালা, অসম এবং কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরির স্বীকৃত রাজনৈতিক দলগুলি এই সুবিধা পাবে। প্রতিটি দলকে আকাশবাণী ও দূরদর্শনে ৪৫ মিনিট করে প্রাথমিক সম্প্রচারের সময় বরাদ্দ করা হয়েছে। সংশ্লিষ্ট রাজ্যের আঞ্চলিক নেটওয়ার্কে এই সম্প্রচার হবে। পূর্ববর্তী নির্বাচনে দলের পারফরম্যান্সের ভিত্তিতে অতিরিক্ত সময়ও বরাদ্দ করা হতে পারে।

ভোটের প্রতিটি দফায় প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশের পর থেকে ভোটের দু'দিন আগে পর্যন্ত এই সম্প্রচার চলবে। কোন দল কখন সম্প্রচারের সুযোগ পাবে, তা লটারির মাধ্যমে নির্ধারণ করা হবে বলে কমিশন জানিয়েছে। এছাড়া দলগুলিকে আগাম তাদের বক্তব্যের স্ক্রিপ্ট ও রেকর্ডিং জমা দিতে হবে এবং তা নির্ধারিত নির্দেশিকা মেনে তৈরি করতে হবে।

কমিশন আরও জানিয়েছে, দলীয় প্রচারের পাশাপাশি দূরদর্শন ও আকাশবাণীতে বিশেষ আলোচনাসভা ও বিতর্কের আয়োজন করা হবে, যেখানে প্রতিটি দল একজন করে প্রতিনিধি পাঠাতে পারবে।

-------------------

বিধানসভা নির্বাচন ঘোষণার পর থেকেই রাজ্যে আদর্শ আচরনবিধি কড়াভাবে প্রয়োগ করছে নির্বাচন কমিশন। মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের সর্বশেষ রিপোর্ট অনুযায়ী, রাজ্য জুড়ে বেআইনি রাজনৈতিক প্রচারের বিরুদ্ধে ব্যাপক অভিযান চালিয়ে ইতিমধ্যেই ৩ লক্ষ ৫৮ হাজার ৯৮৬টি পোস্টার, ব্যানার ও দেওয়াল লিখন সরানো হয়েছে। উত্তর ২৪ পরগনা, পশ্চিম বর্ধমান, পূর্ব মেদিনীপুরের মতো জেলাগুলিতে এই অভিযান সবচেয়ে বেশি হয়েছে।

অন্যদিকে, ভোটারদের প্রভাবিত করার অপচেষ্টা রুখতে নজরদারি জোরদার করায় বিপুল পরিমাণ নগদ, মদ, মাদক এবং মূল্যবান ধাতু বাজেয়াপ্ত হয়েছে। কমিশনের তথ্য অনুযায়ী, এখনও পর্যন্ত মোট ১৮১ কোটি ৩১ লক্ষ টাকার সামগ্রী বাজেয়াপ্ত হয়েছে। রাজ্য জুড়ে নজরদারির জন্য ১ হাজার ৮৭৯ টি ফ্লাইং স্কোয়াড এবং ২ হাজার ২৩৫টি স্ট্যাটিক সার্ভিল্যান্স টিম মোতায়েন করা হয়েছে। এই দলগুলি গাড়ি তল্লাশি থেকে শুরু করে অভিযোগের ভিত্তিতে তাৎক্ষণিক ব্যবস্থা নিচ্ছে।

সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়েও কড়া নজর রাখছে কমিশন। রিপোর্ট অনুযায়ী, এখনও পর্যন্ত ৬৭টি অবৈধ অস্ত্র, ৯৬টি কার্তুজ এবং ৩৩৭টি বোমা উদ্ধার হয়েছে। লাইসেন্সপ্রাপ্ত ৫২ হাজারের বেশি অস্ত্রের মধ্যে প্রায় ২৯ হাজার জমা পড়েছে।

-------------------

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে খড়দা থানার পুলিশ ২০২০-র ডিসেম্বর মাসে আপত্তিকর মন্তব্যের জন্য স্বতঃপ্রণোদিত এফআইআর দায়ের করেছিল। এবারে ভোটের আগে যাতে কোনো সমস্যায় না পড়তে না হয়, তার জন্য শ্রী অধিকারী সেই এফআইআর খারিজের আবেদন জানিয়ে হাইকোর্টের দ্বারস্থ হন। কলকাতা

হাইকোর্টের বিচারপতি অজয় কুমার মুখার্জী আপাতত ১২ সপ্তাহের জন্য সেই মামলার তদন্তের ওপর স্থগিতাদেশ জারি করেছে। জুলাই মাসে মামলার পরবর্তী শুনানি।

এদিকে এগরা বিধানসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী দিব্যেন্দু অধিকারী সরকারি আবাসন ছেড়ে দেওয়ার পরও তাকে নো ডিউস শংসাপত্র দেওয়া হচ্ছে না বলে হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন। আজ আদালতে মামলাটি উঠলে রাজ্যের তরফে সেই সার্টিফিকেট দিব্যেন্দু অধিকারির কৌঁসুলির হাতে তুলে দেওয়া হয়।

-------------------

দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়-এ গতকালের পর আজও দেওয়াল দখলকে কেন্দ্র করে তৃণমূল কংগ্রেস ও আই এস এফ কর্মী-সমর্থকদের মধ্যে সংঘর্ষের অভিযোগ উঠেছে। ভাঙড় ১ নম্বর ব্লকের বড়ালী মাঝেরপাড়া এলাকায় এই ঘটনায় একাধিক আইএসএফ কর্মী আহত হয়েছেন বলে দলের দাবি। গুরুতর আহত একজনকে নলমুড়ি ব্লক হাসপাতাল থেকে কলকাতায় স্থানান্তরিত করা হয়েছে।

যদিও সব অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল কংগ্রেস।

-------------------

বিচারাধীন নামের অতিরিক্ত তালিকা ধীরগতিতে প্রকাশিত হচ্ছে বলে অভিযোগ জানিয়ে প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চ্যাটার্জি রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি দিয়েছেন। কোন বৈধ ভোটারের নাম যাতে বাদ না যায় তাও নিশ্চিত করতে অনুরোধ করা হয়েছে ওই চিঠিতে।

-------------------

আর জি কর মেডিকেল কলেজ ও হাসপাতালে লিফট আটকে মৃত্যু নিয়ে সিবিআই তদন্তের আর্জি জানিয়ে আজ কলকাতা হাইকোর্টে একটি জনস্বার্থ মামলা দায়ের করা হয়েছে। প্রধান বিচারপতি সুজয় পালের বেঞ্চে দায়ের করা আবেদনে, আইনজীবী ফিরোজ এডোলজি বলেছেন, গত ১৯ শে মার্চ আর জি কর মেডিকেল কলেজে লিফটে আটকে অরূপ বন্দ্যোপাধ্যায়ের মর্মান্তিক মৃত্যু প্রশাসনের দায়িত্ব ও কর্তব্যে গাফিলতির সুস্পষ্ট নজির। তিনি আরও বলেছেন, আর জি করের আগের ঘটনার পরিপ্রেক্ষিতে রাজ্য সরকার সুপ্রিম কোর্টকে আশ্বাস দিয়েছিল যে, ঐ প্রতিষ্ঠানটির নিরাপত্তা পরিকাঠামোর কাজ গত বছর ৩১ শে অক্টোবরের মধ্যে শেষ হবে। কিন্তু তারপরেও নিরাপত্তার অভাবেই এধরনের মৃত্যু ঘটল।

-------------------

কলকাতা বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সমাবর্তনে আজ বিশ্ববিদ্যালয়ের শতবার্ষিকী ভবনে শিক্ষাবিদ ফাদার থমাস চাথামপরমপিল এবং কবি রণজিৎ দাসকে সাম্মানিক ডিলিট দেওয়া হয়। সাম্মানিক ডিএসসি পান বিজ্ঞানী বিজয় পান্ডুরাং ভাটকর। তবে তিনি অনুষ্ঠানে হাজির হতে পারেননি। অনুষ্ঠানের সূচনা করেন আচার্য তথা রাজ্যপাল আর এন রবি। বিভিন্ন ক্ষেত্রের ১২ জন কৃতিকে বিশ্ববিদ্যালয়ের সাম্মানিক পুরস্কার ও মেডেল প্রদান করেন রাজ্যপাল।

উল্লেখ্য, দীর্ঘ ৬ বছর পর এই সমাবর্তন অনুষ্ঠান হচ্ছে।

-------------------

স্কুল সার্ভিস কমিশনের নবম ও দশম শ্রেণীর শিক্ষক নিয়োগের জন্য তথ্য যাচাই প্রক্রিয়া আজ শুরু হয়েছে। চলবে ২৩শে মে পর্যন্ত। জেলার আঞ্চলিক

দফতরগুলিতে বিভিন্ন বিষয়ে নবম-দশম শ্রেণীর শিক্ষক পদপ্রার্থীদের তথ্য যাচাই করে ইন্টারভিউ প্রক্রিয়া চলছে।

গত ৭ই সেপ্টেম্বর নবম ও দশম শ্রেণীর শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষা হয়। ২৩ হাজার ২১২টি শূন্যপদের জন্য পরীক্ষায় বসেছিলেন ২ লক্ষ ৯৩ হাজারের বেশি পরীক্ষার্থী।

অন্যদিকে, একাদশ ও দ্বাদশ শ্রেণীর শিক্ষক নিয়োগের জন্য আগামীকাল থেকে দ্বিতীয় পর্যায়ের কাউন্সেলিং পর্ব শুরু হবে।

-------------------

সরকার পোষিত স্কুলের শিক্ষক, শিক্ষাকর্মী, পঞ্চায়েত, পুরসভা সহ সরকার অধীনস্ত সংস্থার কর্মীদের রাজ্য সরকারের প্রস্তাবিত সপ্তম বেতন কমিশনের অধীনে আনার দাবিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে চিঠি দিয়েছে শিক্ষক ও শিক্ষাকর্মীদের একটি সংগঠন। বঙ্গীয় শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতির সাধারণ সম্পাদক স্বপন মন্ডল মুখ্যমন্ত্রীকে দেওয়া চিঠিতে অভিযোগ করেছেন, রাজ্যের অন্তর্বর্তী বাজেটে সপ্তম বেতন কমিশনের ঘোষণা করা হয়েছিল। মুখ্যমন্ত্রী জানিয়েছিলেন, শুধুমাত্র সরকারি কর্মচারীদের জন্যই সপ্তম বেতন কমিশন কার্যকর করা হবে। এর ফলে অন্যান্য সরকার পোষিত স্কুলগুলির শিক্ষক, শিক্ষাকর্মী, পঞ্চায়েত পুরসভার কর্মীরা বঞ্চিত হবেন। ওইসব কর্মীদেরও সপ্তম বেতন কমিশনের আওতায় আনার দাবি জানানো হয়েছে।

-------------------

আর জি কর মেডিকেল কলেজ ও হাসপাতালে লিফট আটকে মৃত্যু নিয়ে সিবিআই তদন্তের আর্জি জানিয়ে আজ কলকাতা হাইকোর্টে একটি জনস্বার্থ মামলা দায়ের করা হয়েছে। প্রধান বিচারপতি সুজয় পালের বেঞ্চে দায়ের করা আবেদনে, আইনজীবী ফিরোজ এডোলজি বলেছেন, গত ১৯ শে মার্চ আর জি কর মেডিকেল কলেজে লিফটে

আটকে অরূপ বন্দ্যোপাধ্যায়ের মর্মান্তিক মৃত্যু প্রশাসনের দায়িত্ব ও কর্তব্যে গাফিলতির সুস্পষ্ট নজির। তিনি আরও বলেছেন, আর জি করের আগের ঘটনার পরিপ্রেক্ষিতে রাজ্য সরকার সুপ্রিম কোর্টকে আশ্বাস দিয়েছিল যে, ঐ প্রতিষ্ঠানটির নিরাপত্তা পরিকাঠামোর কাজ গত বছর ৩১ শে অক্টোবরের মধ্যে শেষ হবে। কিন্তু তারপরেও নিরাপত্তার অভাবেই এধরনের মৃত্যু ঘটল।

------------------

আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে অব্যবস্থার কারণে এক রোগীর মৃত্যুর অভিযোগ উঠেছে। উত্তর ২৪ পরগণার নিমতার বাসিন্দা বিশ্বজিত সামন্ত বুকে ব্যাথা, শ্বাসকষ্টের সমস্যা নিয়ে গতকাল মধ্যরাতে RG KAR-এর ট্রমা কেয়ারে চিকিৎসার জন্য যান। এরপর রোগীর শৌচালয়ে যাওয়ার প্রয়োজন পড়লে, তাঁকে হাঁটিয়ে নিয়ে যাওয়া হয় বলে অভিযোগ। মেলেনি স্ট্রেচার। পাশাপাশি ট্রমা কেয়ারের একতলায় কোন বাথরুম নেই বলেও অভিযোগ। এরপরই ওই ব্যক্তি অচৈতন্য হয়ে পড়েন। চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

এর আগে গত শুক্রবার ওই হাসপাতালে সন্তানের চিকিতৎসা করাতে গিয়ে লিফটে আটকে দমদমের বাসিন্দা অরূপ বন্দ্যোপাধ্যায়ের মৃত্যুর ঘটনায় নিরাপত্তা ব্যবস্থা ও রক্ষণাবেক্ষণ নিয়ে প্রশ্ন ওঠে। গ্রেপ্তার হয় লিফটম্যান সহ ৫ জন।

------------------

কলকাতার পার্শ্ববর্তী জেলা হাওড়া পশ্চিমবঙ্গের একটি অন্যতম প্রধান ও ঐতিহ্যবাহী শিল্পাঞ্চল| হাওড়াকে কলকাতার যমজ শহর বলা হয়। ৫০০ বছরের পুরনো এই শহরটি মহানগরী কলকাতার অন্যতম প্রধান প্রবেশদ্বার।

রাজ্যে অষ্টাদশ বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফায় হাওড়ায় ভোট হবে আগামী ২৯শে এপ্রিল|

এক নজরে দেখে নেওয়া যাক হাওড়ার ভোট চিত্র-

(ভিসি- সর্বানী)

-------------------

আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল আজ মহামেডান স্পোর্টিং-এর মুখোমুখি হবে।
যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।
ইস্টবেঙ্গল পাঁচ ম্যাচে ৮ পয়েন্ট নিয়ে লিগ তালিকার ষষ্ঠ স্থানে আছে।
অন্যদিকে মহামেডান স্পোর্টিং টানা চার ম্যাচ হেরে সর্বশেষ ১৪ তম স্থানে রয়েছে।

------------------- -------------------